গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল

স্মারক নং-উমাশিঅ/ টাং-সদর-২০২৫/ ২০১

তারিখ : ০৮/১০/২০২৫ খ্রি.

**বিষয়: সন্তোষ জাহ্নবী উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল এর নিয়মিত ম্যানেজিং কমিটি নির্বাচন/২০২৫ খ্রি. এর নির্বাচনী তফসিল ঘোষণা**

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, টাঙ্গাইল সদর এর স্মারক নং-০৫.৩০.৯৩৯৫.০০০.০৩.০০১.২০২১ (অংশ-২)-১০২৬ তারিখ: ২৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. মোতাবেক টাঙ্গাইল সদর উপজেলাধীন **সন্তোষ জাহ্নবী উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল এর নিয়মিত ম্যানেজিং কমিটি/২০২৫** গঠনকল্পে নির্বাচন পরিচালনার জন্য প্রিজাইডিং অফিসার হিসেবে নিয়োগ প্রাপ্ত হয়ে আমি নিম্নস্বাক্ষরকারী নিম্ন বর্ণিত নির্বাচনী **'তফসিল'** ঘোষণা করলাম:

| ক্র.নং | বিষয় | তারিখ | সময় | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১. | সকল শ্রেণীর প্রার্থীদের মনোনয়ন পত্র গ্রহণ ও পূরণ পূর্বক জমাদান | ১৯/১০/২০২৫ খ্রি. হতে ২১/১০/২০২৫ খ্রি. | অফিস চলাকালীন সময় (১০টা-৪টা) পর্যন্ত | প্রতিষ্ঠান প্রধানের অফিস কক্ষে | মনোনয়ন পত্রের মূল্য তফসিলে বর্ণিত বিধি মোতাবেক গৃহীত হবে। |
| ০২. | মনোনয়ন পত্র বাছাই ও বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ। | ২৩/১০/২০২৫ খ্রি. | ৩.০০ ঘটিকা | প্রিজাইডিং অফিসারের অফিস কক্ষে | প্রার্থী, প্রস্তাবকারী ও সমর্থনকারীদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন)। |
| ০৩. | মনোনয়ন পত্র প্রত্যাহার | ২৬/১০/২০২৫ খ্রি. | অফিস চলাকালীন সময় (১০টা-৪টা) পর্যন্ত) | প্রিজাইডিং অফিসারের বরাবর আবেদনপত্র প্রতিষ্ঠান প্রধানের নিকট দাখিল করতে হবে। | প্রিজাইডিং অফিসার বরাবর লিখিত আবেদনের মাধ্যমে। |
| ০৪. | ভোট গ্রহণ ও ফলাফল প্রকাশ। | ০৫/১১/২০২৫ খ্রি. | সকাল ১০.০০ টা হতে বিকাল-৪.০০ঘটিকা পর্যন্ত বিরতিহীন ভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে | প্রতিষ্ঠানের প্রাঙ্গণে | ভোট গণনা শেষে নোটিশ বোর্ডে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে। |

নির্বাচন সংক্রান্ত বিধি-বিধান :

- বিধি ১২ (৩) কোন ব্যক্তি একই বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটিতে একাদিকক্রমে ২ (দুই) বারের অধিক, ক্ষেত্রমত, সভাপতি, শিক্ষক প্রতিনিধি বা অভিভাবক প্রতিনিধি নির্বাচনে অংশ গ্রহণ করিতে পারিবেন না, তবে এক মেয়াদ বিরতি অন্তে তিনি পুনরায় নির্বাচন করিতে পারিবেন।
- বিধি ২২ (৩): সকল ক্যাটাগরীর সদস্য পদে নির্বাচন একযোগে এবং একই সময়ে অনুষ্ঠিত হবে।
- বিধি ২৩ (২) মনোনয়নপত্রের মুল্য সিটি কর্পোরেশন এলাকায় ৩,০০০/-(তিন হাজার) টাকা, জেলা সদরের পৌরসভায় ২,০০০/-(দুই হাজার) টাকা এবং অন্যান্য এলাকায় ১,০০০/-(এক হাজার) টাকা হইবে।
- বিধি ৩১ (১) ভোট প্রদান পদ্ধতি: ব্যালট পেপার প্রাপ্তির পর ভোটার ভোটদানের জন্য নির্ধারিত গোপন স্থানে যাইবেন এবং যাহাকে বা যাহাদিগকে তিনি ভোট প্রদান করিতে চাহেন ব্যালট পেপারে তাহার বা তাহাদের নামের পার্শ্বের নির্ধারিত ঘরে ক্রস (X) চিহ্ন প্রদান করিবেন।
- বিধি ৩৮ (১) নির্বাচনী প্রচারণায় কোনরূপ মিছিল, জনসভা, অভিভাবক সভা, শোভাযাত্রা, লাউড স্পিকার, পোস্টার, বাই-সাইকেল বা মোটর সাইকেল কিংবা গাড়ি বহর ব্যবহার করা যাবে না।
- বিধি ৩৮ (২) নির্বাচনী প্রচারণায় কেবল ৫.৫ ইঞ্চি X ৮.৫ ইঞ্চি সাদা-কালো লিফলেট ব্যতীত অন্য কোন খাতে অর্থ ব্যয় করা যাবে না এবং কোন নির্বাচনী ক্যাম্প স্থাপন করা যাবে না।

উল্লেখিত **নির্বাচনী তফসীল বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণসহ প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে রাখার জন্য প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ জানানো হলো।**

০৮/১০/২০২৫
মোঃ মুজিবুল আহসান
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
ও
প্রিজাইডিং অফিসার
ম্যানেজিং কমিটি নির্বাচন-২০২৫ খ্রি.
সন্তোষ জাহ্নবী উচ্চ বিদ্যালয়
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল
০৮/১০/২০২৫ খ্রি.

প্রাপক:
প্রধান শিক্ষক
সন্তোষ জাহ্নবী উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল
(তাঁকে নির্বাচনী তফসিল মোতাবেক যাবতীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো)।

স্মারক নং- উমাশিঅ/ টাং-সদর/২০২৫- ২০১/০১(০৫)
সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি প্রেরিত হলো:
০১। উপজেলা নির্বাহী অফিসার, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।
০২। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
০৩। সভাপতি/সদস্য, সন্তোষ জাহ্নবী উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল
০৪। নোটিশ বোর্ড, অত্র দপ্তর ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান।
০৫। সংরক্ষণ নথি।

০৮/১০/২০২৫
মোঃ মুজিবুল আহসান
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।